

ময়মনসিংহ জেলার তারাকাল্দা গ্রামের আদর্শ কৃষক আবদুর রহিম নিজ বাড়িতে ২টি গাড়ী, ১টি ঝাড়, ২০টি হাঁস ও ২০টি মুরগি পালন করেন। এ ছাড়াও বাড়ির আঙিনায় বিভিন্ন ধরনের শাকসবজি ফলমূল এবং পুকুরে নানা ধরনের মাছ চাষ করে থাকেন। তিনি মনে করেন মৌলিক চাহিদাগুলোর অধিকাংশই তার কার্যক্রম থেকে পেয়ে থাকেন।

আমি মনে করি মানুষের মৌলিক চাহিদাগুলোর সব কয়টি কৃষি কার্যক্রমের মাধ্যমে পূরণ করা সম্ভব। নিচে যুক্তি দ্বারা আমার মতামত উপস্থাপন কর হলো।

মানুষের মৌলিক ৫টি। এই মৌলিক চাহিদাগুলো হলোঃ

- > খাদ্য
- > বস্ত্র
- > বাসস্থান
- > চিকিৎসা
- > শিক্ষা

**খাদ্যঃ** মানুষের বেঁচে থাকার জন্য অবশ্যই খাবারের প্রয়োজন আর এই খাবারগুলো আমরা কৃষি থেকেই পেয়ে থাকি। যেমন, ভাতের জন্য চাল, ঝটির জন্য গম, মাছ, মাংস, শাকসবজি, ফলমূল ইত্যাদি সবই কৃষি থেকে পেয়ে থাকি। এবং আমরা উদ্দীপকে দেখেছি আব্দুর রহিম কৃষক তার বাড়িতে এসব চাষ করেন। তাই তিনি এই চাহিদাটা এখান থেকে পূরণ করতে পারবেন।

**বস্ত্রঃ** আমরা আমাদের শরীর ঢাকার জন্য পুরোপুরি কৃষির উপর নির্ভরশীল। কেননা আমাদের পরিধেয় প্রায় সব পোষাকের সূতা কোনো না কোনো কৃষি থেকে তৈরি হয়েছে। যেমন, পাট, তুলা, রেশম, নলখাগড়া ইত্যাদি থেকে পাওয়া সূতা যা দিয়ে কাপড় তৈরি হয়। অন্য দিকে তিনি পশু পালন করেন। যা থেকে চামড়া ও রেশম পাওয়া সম্ভব। চামড়া ও রেশম তার পোশাকের চাহিদা পূরণ করতে সক্ষম।

**বাসস্থানঃ** মানুষের বিভিন্ন ধরণের প্রাকৃতিক বিপর্যয়, ক্ষতিকর প্রাণী থেকে রক্ষা এবং পরিশ্রম শেষে শান্তিতে বিশ্রাম বা নিদ্রার জন্য বাসস্থানের বিকল্প নাই। আর এগুলো আমরা কৃষি থেকে পেয়ে থাকি। যেমন, কাঠ, শন, বাঁশ, গোলপাতা ইত্যাদি দিয়ে আমরা ঘর বাড়ি ও আসবাবপত্র তৈরি করি। আব্দুর রহিম কৃষকের তার বাড়ির আঙিনায় বিভিন্ন পুরোনো গাছের চাষ করেন। যা তার বাসস্থান তৈরিতে কাজ লাগবে। অতএব বলা যায় বাসস্থানের চাহিদা তিনি তার গাছ দিয়ে করতে পারবেন।

চিকিৎসাঃ প্রাচীনকাল থেকেই আমরা চিকিৎসার জন্য কৃষির উপর নির্ভরশীল। যদিও বর্তমান বিশ্বে চিকিৎসার ক্ষেত্রে আধুনিকতার ছোয়া পড়েছে কিন্তু এরপরেও এখনও প্রাকৃতিকভাবে অসুখের চিকিৎসার চর্চা হয়ে থাকে। আর এর উপাদানগুলো আমরা কৃষি থেকেই পাই। বাসক, বহেরা, হরিতকি, ইত্যাদি হতে জীবন রক্ষাকারী ওসধ তৈরি হয়। অতএব উদ্দীপকের আব্দুর রহিম কৃষক তার চিকিৎসার জন্য চিকিৎসা সামগ্রির চাহিদা বাড়ির আঙ্গিনার উদ্ভিদ তেকে পেতে পারেন।

শিক্ষাঃ শিক্ষাই জাতির মেরুদণ্ড। আর এই শিক্ষার জন্য বই পড়তে হয় এবং কাগজে লিখতে হয়। আমরা এই কাগজ কৃষি থেকেই পাই। যেমন; কাঠ ও আখের ছোবড়া, বাশ ইত্যাদি।

উপরের যুক্তিযুক্ত আলোচনা থেকে আমরা নির্দিষ্টায় বলতে পারি মৌলিক চাহিদাগুলোর সব কয়টি কৃষি কার্যক্রমের মাধ্যমে পূরণ করা সম্ভব।

Wesley